

## الْكَبِير

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৩৮ তম নাম ‘الْكَبِير’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْكَبِير’ শব্দের মূল ك - ب - ر, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৬১ বার এসেছে। বড়, বড় হওয়া, বৃদ্ধি করা, উদ্ধৃত হওয়া, বৃদ্ধাবস্থা, প্রশংসা করা, সবচেয়ে বড় ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْكَبِير অর্থ: ‘তিনি সবচেয়ে বড়’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

ذَلِكَ بِأَنَّ اللَّهَ هُوَ الْحَقُّ وَأَنَّ مَا يَدْعُونَ مِنْ دُونِهِ الْبَاطِلُ وَأَنَّ اللَّهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيرُ  
(৩০)

এগুলো (প্রমাণ করে যে,) আল্লাহ মহাসত্য এবং তারা আল্লাহর পরিবর্তে যাদের ডাকে তারা মিথ্যা। নিশ্চয়ই আল্লাহ উঁচু, অতীব মহান। (সূরা লুকমান: আয়াত নং ৩০)

ذَلِكُمْ بِأَنَّهُ إِذَا دُعِيَ اللَّهُ وَحْدَهُ كَفَرْتُمْ وَإِنْ يُشْرَكَ بِهِ تُؤْمِنُوا فَالْحُكْمُ لِلَّهِ الْعَلِيِّ الْكَبِيرِ  
(১২)

(বলা হবে) তোমাদের এই শাস্তি তো এই কারণে যে, যখন এক আল্লাহকে ডাকা হতো তোমরা তাঁর প্রতি কুফুরি করতে, এবং তাঁর সাথে কেউ শরিক সাব্যস্ত করলে সে কথার প্রতি তোমরা ঈমান আনতো। (আজ) সর্বময় সিদ্ধান্তের মালিক হচ্ছেন আল্লাহ তা’য়াল। তিনি সর্বোচ্চ, তিনি মহান। (সূরা আল মুমিন: আয়াত নং ১২)

হেরা পর্বতের গুহায় প্রথম ওহী নাযিল হলো। রাসূল সাঃ ভয় পেয়ে বাড়িতে এসে চাদর গায়ে দিয়ে বিছানায় শুয়ে পড়লেন। এই পরিপ্রেক্ষিতে সূরা মুদাসসিরে আয়াত নাযিল হলো -

يَا أَيُّهَا الْمُدَّثِّرُ ﴿١﴾ قُمْ فَأَنْذِرْ ﴿٢﴾ وَرَبِّكَ فَكَبِّرْ ﴿٣﴾

হে বস্তুচ্ছাদিত! উঠো (মানুষকে) সতর্ক করো। তোমার রবের শ্রেষ্ঠত্ব ঘোষণা করো। (সূরা মোদাসসের: আয়াত নং ১ - ৩)

### মুসলিম, তিরমিজি ও নাসাঈর হাদিস :

এক ব্যক্তি সালাত শুরুর একটু পর সালাতে এসে, কাতারে দাড়িয়ে বলল -

اللَّهُ أَكْبَرُ كَبِيرًا وَالْحَمْدُ لِلَّهِ كَثِيرًا وَسُبْحَانَ اللَّهِ بُكْرَةً وَأَصِيلًا

‘আল্লাহ সবচেয়ে বড়, অনেক প্রশংসা আল্লাহর জন্য এবং সকাল-সন্ধ্যা আমি আল্লাহ তা’আলার পবিত্রতা বর্ণনা করছি’।

সালাত শেষে রাসূল সা: জিজ্ঞাসা করলেন- কে এই কথাগুলো বলেছে? লোকটি বলল: ইয়া রাসুলাল্লা আমি ভালো উদ্দেশ্যেই এই কথাগুলো বলেছি। রাসূল সা: বললেন: আমি দেখলাম এই কথাগুলো জন্য বেহেশতের দরজা খুলে গেলো। বর্ণনাকারী ইবনে ওমর রা: বলেন এটা শুনার পর আমি কখনো এটা বলা থেকে নিজেকে বিরত রাখিনি।

### মুসলিম শরীফের হাদীস :

যে আল্লাহর কাছে নত হয়, আল্লাহ তার মর্যাদা উঁচু করেন।

### আহমেদ শরীফের হাদিস :

তোমরা বেশি বেশি সেজদা করো। কারণ একটা সেজদার কারণে আল্লাহ ঈমানদারদের মর্যাদা বেহেশতে এক স্তর উঁচু করেন এবং একটা পাপ মোচন করেন।

সুতরাং, সালাত, রুকু ও সিজদার মাধ্যমে আমরা আমাদের গুনাহ মাফ করিয়ে নেই এবং আমাদের মর্যাদা বাড়িয়ে নেই।

আল্লাহ ছাড়া আর কোন শক্তির কাছে মাথা নত করা শিরকের অপরাধ। যেটা আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের শিরিক মুক্ত জীবন যাপনের তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াব্বারাকাতুহা